SEM-2 D.T.- 08.04.2020.

Unit-2 (GE and GEN)

DEBAJYOTI ACHARYYA.

Tournament

প্রতিযোগীতা কাকে বলে?

দুই বা ততোধিক ব্যক্তি বা দল এর মধ্যে নির্দিষ্ট কোন ক্রীড়া একটি নির্দিষ্ট সূচী অনুযায়ী ~~প্রতিদ্বন্দ্~~ প্রতিদ্বন্দ্বিতা মাধ্যমে একজন ব্যক্তি বা একটি দলকে বিজয়ী ঘোষনা করা হয়, এই পদ্ধতিকে Tournament বা প্রতিযোগীতা বলে।

প্রতিযোগীতা প্রকারভেদ :- প্রতিযোগীতার শ্রেনীবিন্যাস করার সময় যে বিষয়গুলি উপর লক্ষ্য রেখে শ্রেনীবিন্যাস করা হয় সে গুলি হল— সময়, খেলা প্রকৃতি, ছাত্র ছাত্রীদের উৎসাহ, ~~প্র~~ পরিবেশের প্রকৃতি ইত্যাদির উপর লক্ষ্য রেখে প্রতিযোগীতাকে চারটি ভাগে ভাগ করা হয়, সেগুলি হল—

১| Knock-out Tournament

২| League Tournament

৩| Combination Tournament

৪| Challenge Tournament

১| Knock-out বা Elimination Tournament :-

এই প্রতিযোগীতাকে চার ভাগে ভাগ করা যায়

(ক) সিঙ্গেল এলিমিনেশন বা সিঙ্গল ~~নক~~ নক্ আউট প্রতিযোগী

(খ) ডাবল্ এলিমিনেশন বা ডাবল্ নক্ আউট প্রতিযো

(গ) কনসোলেশন প্রতিযোগীতা (প্রথম ও দ্বিতীয় প্রকার)

(ঘ) বাগনাল-ওয়াইল্ড প্রতিযোগীতা

লীগ বা রাউন্ড রবিন প্রতিযোগীতাঃ-

লীগ প্রতিযোগীতাকে দুই ভাগে ভাগ করা যায়

১। সিঙ্গেল লীগ প্রতিযোগীতা

২। ডাবল লীগ প্রতিযোগীতা

Combination বা মিশ্র প্রতিযোগীতা ঃ-

এই প্রতিযোগীতাকে চারভাগে ভাগ করা হয়।

(ক) নক-আউট কাম লীগ

(খ) নক আউট কাম নক-আউট

(গ) লীগ কাম নক আউট

(ঘ) লীগ কাম লীগ

Challenge Tournament ঃ-

এই প্রতিযোগীতাকে দুইভাগে ভাগ করা হয়

(ক) ল্যাডার টুর্নামেন্ট

(খ) পিরামিড টুর্নামেন্ট

১। নক আউট টুর্নামেন্ট ঃ-

এই প্রতিযোগীতায় একজনে ব্যক্তি বা দল পরাজিত হলে প্রতিযোগীতা থেকে সরে যেতে হয়। প্রতি রাউন্ডের বিজয়ী দল পরবর্তী রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করে, এই প্রতিযোগীতা অল্প সময়ের মধ্যে শেষ করা সম্ভব হয়।

খেলার সংখ্যা নির্নয়ঃ-

সূত্রঃ- N-1 (N= দল সংখ্যা)

উদাহরন ঃ- যদি দল সংখ্যা ৮টি হয় তাহলে খেলা সংখ্যা = N-1 বা ৮-১ = ৭

নক আউট প্রতিযোগীতার ভালো দিক ঃ

১। নক আউট প্রতিযোগীতা খুব অল্প সময়ের মধ্যে শেষ হয়ে যায়।

২। প্রতিযোগীতা সম্পর্ন করতে খরচ কম হয়

৩। প্রতিযোগীতা থেকে বাতিল হওয়ার ভয়ে অংশগ্রহনকারীদের মধ্যে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হয়

৪। অনেক বেশী সংখ্যক অংশগ্রহনকারী দল নিয়ে স্বল্প সুযোগ সুবিধার মধ্যে দিয়ে প্রতিযোগীতার পরিচালনা করা সম্ভব হয়।

<u>নক্ আউট প্রতিযোগীতার খারাপদিক :-</u>

১। একটি দল যদি কোন কারনে যথার্থ যোগ্যতা প্রমান না করতে পারে সেই ক্ষেত্রে সেই দল প্রতিযোগীতা থেকে বাতিল হয়ে যেতে হয়।

২। কোন এক রাউন্ডে বিজয়ীকে অপর এক রাউন্ডে বিজয়ীর জন্য অপেক্ষা করতে হয়।

৩। যেহেতু লটারীর মাধ্যমে খেলা সূচী তৈরী হয় সেহেতু প্রথম রাউন্ডে ভালো দল গুলি একে অপরের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে ছিটকে যেতে পারে।

৪। ভালো দল প্রথম রাউন্ডে বিদায় নিলে প্রতিযোগীতার আকর্ষন কমে যায়।